

অথবা বাইরের প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণ নেয়ার সুযোগ। কর্মী উন্নয়ন সুপ্ত বা আংশিক ব্যবহৃত যোগ্যতাকে সম্পূর্ণভাবে উন্নীত করতে সাহায্য করে - যা একজন কর্মী এবং নিয়োগকর্তা উভয়ের জন্যই কল্যাণকর। মালিক ও কর্মীর মধ্যে সম্পর্ক উন্নয়নেও এটা যথেষ্ট সাহায্য করে এবং কর্মী তার কর্মস্থলে আরো উজ্জীবিত বোধ করবে।

সামাজিক সংলাপের ধারণাটি একটি উত্তম শ্রম অনুশীলন হিসেবে ধরা হয়, কারণ এটি সরকার, মালিক, প্রতিনিধি, কর্মকর্তা, কর্মচারী এবং অন্যান্য থিঙ্ক ট্যাঙ্ক - সকলের মতামতকে বিবেচনা করে এবং আলোচনার মাধ্যমে একটি সিদ্ধান্তে পৌঁছতে চেষ্টা করে। তৈরি পোশাক কারখানা খাতে কতিপয় অনিশ্চিত এবং সংহতিনাশক ঘটনাপ্রবাহ স্টেকহোল্ডারদেরকে এই অস্থিতিশীল ঘটনা নিরসনের কথা চিন্তা করতে বাধ্য করেছে। এখানে, সামাজিক সংলাপের ধারণা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

বাংলাদেশে কর্মস্থলে অগ্নি নিরাপত্তা নিয়ে ২০১৩ সালের ১৫ জানুয়ারি শ্রম ও কর্ম মন্ত্রণালয় এবং আইএলও'র মধ্যে যুক্তভাবে একটি ত্রিপাক্ষিক সভা হয়। এই সভায় অগ্নি নিরাপত্তার জন্য একসাথে মিলে একটি জাতীয় ত্রিপাক্ষিক কার্য পরিকল্পনা তৈরি করতে তারা সম্মত হয়, যার লক্ষ্য হবে সর্বাত্মক কার্যসম্পাদনের মাধ্যমে ভবিষ্যতে কর্মস্থলে কোনো প্রকার অগ্নি-সংযোগ বা অগ্নি-সংক্রান্ত দুর্ঘটনার কারণে মৃত্যুর ঝুঁকি দূর করা, অঙ্গহানি ও সম্পদের ক্ষতি রোধ করা।<sup>৮</sup>

একটি পশ্চিমা রিটেইল ব্র্যান্ড বাংলাদেশে তাদের সোর্স ফ্যাক্টরিগুলোতে একটি 'অগ্নি নিরাপত্তা কৌশল' কর্মসূচী শুরু করেছে। তারা বিভিন্ন বিশেষজ্ঞ, বিজিএমইএ, বিকেএমইএ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রতিনিধির সাথে আলোচনা করে তারা অগ্নি নিরাপত্তার জন্য নির্দেশিকা বের করেছে। এই আলোচনায় এমন কি সোর্স ফ্যাক্টরিসমূহ এবং শ্রম আন্দোলনকারীদের মধ্য থেকেও প্রতিনিধিদেরকেও অন্তর্ভুক্ত করা হচ্ছে, যাতে তাদের কর্মীদের মতামতও পাওয়া যায়।

## পরিবেশ

প্রতিটি প্রতিষ্ঠানের একটি দায় থাকে যে তারা এমনভাবে কাজ করবেন যা পরিবেশগতভাবে বন্ধুত্বপূর্ণ। গাছ লাগিয়ে কোনো একটি রাস্তার মোড়-এর সৌন্দর্য্যবর্ধন করা কিংবা গাছ লাগানোর জন্য টাকা দেয়া বেশ ভালো একটা কাজ, কিন্তু সেটা পরিপূর্ণভাবে পরিবেশগত সামাজিক দায়িত্বশীলতা পালনকে প্রতিনিধিত্ব করে না। বরং এগুলো হচ্ছে কোম্পানির নেয়া স্বল্পমেয়াদী পরিবেশ উন্নয়ন কর্মসূচী। সামাজিক দায়িত্বশীলতার দৃষ্টিকোণ থেকে, কাঁচামালের উৎস থেকে শুরু করে কারাখানা জাত হবার পর তা সরবরাহকারী প্রতিষ্ঠানের মাধ্যমে ক্রেতার কাছে পৌঁছানো পর্যন্ত সমগ্র ফ্রেইম সামাজিকভাবে দায়িত্বশীল হওয়া উচিত। আইএসও ২৬০০০ নির্দেশিকায় চারটি বিষয়কে 'পরিবেশ'-এর অধীনে আলোচনা করা হয়েছে -

<sup>৮</sup> [http://www.daily-sun.com/index.php?view=details&archiev=yes&arch\\_date01-02-2013&type=No forced-labour-in-Bangladesh&pub\\_no=396&cat\\_id=1&menu\\_id=3&news\\_type\\_id=1&index=13](http://www.daily-sun.com/index.php?view=details&archiev=yes&arch_date01-02-2013&type=No%20forced-labour-in-Bangladesh&pub_no=396&cat_id=1&menu_id=3&news_type_id=1&index=13)